

গণা ০৭ কলাম ৪

রাইজের ডিগ্রি কলেজ মাদারীপুরের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত

জাতীয় শিক্ষা সপ্তাহ-২০০২-এ মাদারীপুর জেলা পর্যায়ে রাইজের ডিগ্রি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) আবুল হাসিম সিপাহী কলেজ পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নির্বাচিত হয়েছেন। একই সময়ে রাইজের ডিগ্রি মহাবিদ্যালয় ও জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ পর্যায়ে) নির্বাচিত হয়েছে। বাসস।

হাসিম সিপাহী ১৯৭৮ সালের ১লা জুন রাইজের মহাবিদ্যালয়ে প্রভাষক এবং ১৯৯২ সালের মে মাসে উপাধ্যক্ষ হিসেবে যোগদান করেন। তিনি একাধারে দীর্ঘ ১০ বছর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। দক্ষ প্রশাসক হিসেবেও তার যথেষ্ট পরিচিতি রয়েছে। অধ্যাপনা ও প্রশাসনিক কাজকর্মের পাশাপাশি তিনি গবেষণা ও সৃজনশীল বহু প্রবন্ধ দিয়েছেন। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। রাইজের কলেজ প্রতিষ্ঠায়ও তার ভূমিকা প্রশংসনীয়।

রাইজের ডিগ্রি মহাবিদ্যালয় ইতোপূর্বেও একাধিকবার উপজেলা ও জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত হয়েছে। নকলমুক্ত ও রাজনীতিমুক্ত কলেজ হিসেবে বৃহত্তর ফরিদপুরের মধ্যে রাইজের ডিগ্রি মহাবিদ্যালয় যথেষ্ট সুনাম কুড়িয়েছে।